


যুগান্তর

বেগমগঞ্জ মাদ্রাসা ভাইস প্রিন্সিপালের অপসারণ দাবি

প্রকাশ : ০২ এপ্রিল ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট, নোয়াখালী

নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলায় মিজানুর রহমান নামে এক মাদ্রাসা ভাইস প্রিন্সিপালকে গ্রেফতার ও তার বিচার দাবিতে শিক্ষার্থীরা বিক্ষোভ করেছে। নবম শ্রেণীর শিক্ষার্থীকে অনৈতিক কাজের প্রস্তাবের জের ধরে সোমবার বিকাল ৩টায় উপজেলা আমান উল্লাপুর ইউনিয়নের জয় নারায়ণপুর ফাজিল মাদ্রাসার শিক্ষার্থীরা মিছিল করেছে।

এলাকাবাসী, অভিভাবক ও শিক্ষার্থীরা জানান, জয়নারায়ণপুর অবস্থিত ওই মাদ্রাসার ভাইস প্রিন্সিপাল মিজানুর রহমান ১ মাস আগেও নবম শ্রেণীর শিক্ষার্থীকে বিভিন্ন সুযোগ-সুবিধা দেয়ার প্রলোভনে অনৈতিক কাজের প্রস্তাব দেয়।

অধ্যক্ষের কাছে অভিযোগ করেও কোনো সুফল পায়নি। রোববার ওই মাদ্রাসার নবম শ্রেণীর শিক্ষার্থী সকাল ৭টায় মাদ্রাসার কক্ষে আরবি প্রভাষকের কাছে প্রাইভেট পড়তে যায়। ওই শিক্ষকের কাছে যাওয়ার আগেই ভাইস প্রিন্সিপাল মিজানুর রহমান শিক্ষার্থীর সঙ্গে কথা আছে বলে তার কক্ষে ডেকে নিয়ে বিভিন্ন সুযোগ-সুবিধার প্রলোভনে অনৈতিক কাজের প্রস্তাব দেয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।